

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির সমাজবিজ্ঞান ও নৃ-বিজ্ঞান(অনার্স) ১ম সেমিস্টার ৪৮তম ব্যাচ এর শিক্ষার্থী ইয়াসিন খান(জিসান) কোটা সংস্কার আন্দোলন এর সহিংসতায় নিহত হয়েছে- এমন একটি বিভ্রান্তকর তথ্য বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হয়েছে বলে আমাদের দৃষ্টি গোচর হয়েছে। প্রকৃতপক্ষে ইয়াসিন খান(জিসান) গত ১৯/০৭/২০২৪ শুক্রবার, রাত আনুমানিক ১১.৩০ মিনিট মানিকগঞ্জের সিঙ্গাইর থানায় মটর সাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছে(ইন্সালিল্লাহি ওয়াইন্না ইলাহি রাজিউন) বলে তার বাবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নিশ্চিত করেছেন।

আমরা শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির পক্ষ থেকে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোক সন্তপ্ত পরিবারকে সমবেদনা জ্ঞাপন করছি। ইয়াসিন খান(জিসান) এর মৃত্যু নিয়ে কোন ধরনের অপতথ্য প্রচার না করার জন্য সকলকে অনুরোধ জানাচ্ছি।